

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।  
[www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১২.২৪/২৮

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১  
০৪ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪ এর আওতায় ব্যানবেইস এর ওয়েবসাইটে Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের দায়িত্বে নিয়োজিত একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছর দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে। দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, শিক্ষা সংশ্লিষ্ট প্রধানকৃত কর্ম নির্দেশক প্রস্তুত, মন্ত্রণালয়ের তথ্য প্রদান, UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানে বিলম্ব ঘটে, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ সঠিক অবস্থান প্রতিফলিত হয় না। তাই সঠিক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে সঠিক সময়ে আপলোড হওয়া অত্যাবশ্যিক।

২। বর্গিতাবস্থায় আগামী ৩১ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের তথ্য ব্যানবেইস এর সার্ভারে আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সরাসরি Login করতে, <http://202.72.235.217:3028/login> লিংক ব্যবহার করুন।

EIIN/User ID: .....; Password: 532688

সংযুক্ত: Online জরিপ ফরম পূরণের নির্দেশিকা।

রেজিস্ট্রার (সকল)

.....বিশ্ববিদ্যালয়

(প্রফেসর মোঃ আনোয়ার হোসেন মুখা)  
পরিচালক (পরিসংখ্যান)  
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৩৩  
E-mail: anwarmridha1968@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ];
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
- ৪। পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
- ৫। অফিস কপি।